# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 16-01-2026 Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী আগামীকাল পশ্চিমবঙ্গ ও আসামের মধ্যে সংযোগ স্থাপনকারী বন্দে ভারত স্লিপার ও অমৃত ভারত সহ বেশ কয়েকটি নতুন ট্রেনের উদ্বোধন করবেন।

২) এস আই আর-এর শুনানি চলাকালীন উত্তর দিনাজপুরের চাকুলিয়াতে বিডিও অফিসে ভাঙচুর ও অগ্নি সংযোগের অভিযোগে ১৯ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৩) ঝাড়খন্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে রণক্ষেত্র বেলডাঙা এলাকা।

৪) কলকাতা হাইকোর্টের ৪৪ তম প্রধান বিচারপতি হিসাবে আজ শপথ নিয়েছেন বিচারপতি সুজয় পাল।

৫) নিপা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ ও চিকিৎসার জন্য গাইডলাইন প্রকাশ করেছে স্বাস্থ্য দপ্তর।

৬) কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ৮৮ তম প্রয়াণ বার্ষিকীতে রাজ্যবাসী আজ তাঁকে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল পশ্চিমবঙ্গ ও আসামের মধ্যে সংযোগ স্থাপনকারী বন্দে ভারত স্লিপার সহ বেশ কয়েকটি নতুন ট্রেনের উদ্বোধন করবেন।

অন্যান্য ট্রেনগুলির মধ্যে রয়েছে নিউ জলপাইগুড়ি-নাগেরকয়েল অমৃত ভারত এক্সপ্রেস, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লি 'অমৃত ভারত এক্সপ্রেস', আলিপুরদুয়ার-এসএমবিটি বেঙ্গালুরু অমৃত ভারত এক্সপ্রেস, আলিপুরদুয়ার-মুম্বাই (পানভেল) অমৃত ভারত এক্সপ্রেস, রাধিকাপুর-এসএমবিটি বেঙ্গালুরু মেল এক্সপ্রেস এবং বালুরঘাট-এসএমবিটি বেঙ্গালুরু মেল এক্সপ্রেস। এর ফলে পশ্চিমবঙ্গ, আসাম, বিহার, ওড়িশা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, তামিলনাড়ু, মহারাষ্ট্র, উত্তর প্রদেশ এবং মধ্যপ্রদেশের মধ্যে যাত্রী যোগাযোগ উন্নত হবে।

আগামী রবিবার (১৮ তারিখ) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি হাওড়া-আনন্দ বিহার টার্মিনাল অমৃত ভারত এক্সপ্রেস, শিয়ালদহ-বারাণসী অমৃত ভারত এক্সপ্রেস এবং সাঁতরাগাছি-তাম্বারাম অমৃত ভারত এক্সপ্রেসের উদ্বোধন করবেন। এই ট্রেনগুলি চালু হলে যাত্রীরা কম সময়ে তাদের গন্তব্যে পৌঁছাতে পারবেন। এই উদ্যোগের ফলে আসামের কামরূপ মেট্রোপলিটন এবং বঙ্গাইগাঁও জেলার পাশাপাশি পশ্চিমবঙ্গের কোচবিহার, জলপাইগুড়ি, মালদা, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, হুগলি এবং হাওড়া জেলার বাণিজ্য, পর্যটন এবং আর্থ-সামাজিক উন্নয়নেও সহায়তা করবে।

এদিকে, প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে মালদায় চূড়ান্ত প্রস্তুতি চলছে। গতকাল অতিরিক্ত জেলাশাসক অনিন্দ্য সরকার সভার প্রস্তুতি খতিয়ে দেখেন।

-------------------

এস আই আর-এর শুনানি চলাকালীন উত্তর দিনাজপুরের চাকুলিয়াতে বিডিও অফিসে ভাঙচুর ও অগ্নি সংযোগের অভিযোগে পুলিশ ১৯ জনকে গ্রেপ্তার করেছে। আজ তাদের ইসলামপুর আদালতে তোলা হচ্ছে।

এদিকে, গতকালের বিশৃঙ্খলার পর পরিস্থিতি আজও থমথমে। সকালে বিডিও সুজয় ধর নিজ দপ্তরে পৌঁছে পরিস্থিতি খতিয়ে দেখেন। কম্পিউটার সহ অন্যান্য সরঞ্জাম বিক্ষোভকারীরা ভেঙে ফেলায় স্তব্ধ এসআইআর-এর কাজ সহ অন্যান্য পরিষেবা। দপ্তরের বাইরে মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী।

উল্লেখ্য, গতকাল বিক্ষোভকারীদের সঙ্গে পুলিশের দফায় দফায় সংঘর্ষে পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। গুরুতর আহত হন, থানার আই সি সহ বেশ কয়েকজন পুলিশ কর্মী।

-------------------

SIR-এর নামে সাধারণ মানুষকে অকারণে হয়রানি করা হচ্ছে, এই অভিযোগে দক্ষিণ ২৪ পরগণার ডায়মন্ড হারবারে স্থানীয়দের পথ অবরোধকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। ডায়মন্ড হারবার পুরসভার ৫ নম্বর ওয়ার্ডের রামচন্দ্রপুর এলাকায় স্থানীয় বাসিন্দারা বিক্ষোভ দেখান। তাদের অভিযোগ, এসআইআর-এর নামে যোগ্য ভোটারদের নাম তালিকা থেকে বাদ দেওয়ার চেষ্টা চলছে। খবর পেয়ে ডায়মন্ড হারবার থানার পুলিশ পৌঁছে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

-------------------

সুবিধাজনক এলাকায় এসআইআরের শুনানির দাবিতে পূর্ব বর্ধমানের সমুদ্রগড় স্টেশনের পারুলডাঙ্গা রেলগেট অবরোধ করে আজ বিক্ষোভ দেখান স্থানীয়রা। এর জেরে ডাউন কাটোয়া লোকাল মিনিট পনেরোর জন্য আটকে পড়ে। পরে রেল পুলিশের হস্তক্ষেপে অবরোধ উঠে যায়।

-------------------

রাজ্যে চলতি SIR প্রক্রিয়ার সময়সীমা ১৯শে জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছে। নির্বাচন কমিশনের এক নির্দেশিকায় জানানো হয়েছে, SIR সংক্রান্ত পূর্বঘোষিত সময়সূচি পুনর্বিবেচনার সংশ্লিষ্ট রাজ্যগুলির অনুরোধ এবং বাস্তব পরিস্থিতি বিবেচনা করেই এই সময়সীমা বাড়ানো হয়েছে। নির্দেশিকায় পশ্চিমবঙ্গ-সহ গোয়া, লাক্ষাদ্বীপ, রাজস্থান ও পুদুচেরির মুখ্য নির্বাচনী আধিকারিকদের অবিলম্বে রাজ্য গেজেটে সংশোধিত বিজ্ঞপ্তি প্রকাশ এবং সময়সীমা বৃদ্ধির বিষয়টি ব্যাপকভাবে প্রচারের নির্দেশ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট সব আধিকারিককে নতুন সময়সূচি কঠোরভাবে মেনে চলতেও বলা হয়েছে। অর্থাৎ ভোটার তালিকায় নাম সংক্রান্ত দাবি, সংশোধনী বা আপত্তি জানানোর জন্য নাগরিকরা আরও চার দিন অতিরিক্ত সময় পাচ্ছেন। পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী গতকাল ওই সময়সীমা শেষ হওয়ার কথা ছিল।

-------------------

ঝাড়খণ্ডে মুর্শিদাবাদের পরিযায়ী শ্রমিকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে আজ রণক্ষেত্রের চেহারা নেয় বেলডাঙা এলাকা। সুজাপুরের বাসিন্দা বছর ৩৭ এর আলাউদ্দিন শেখের দেহ গ্রামে ফিরতেই সকাল থেকে জাতীয় সড়ক অবরোধ করেন স্থানীয়রা। বাঁশ ফেলে অবরোধ করা হয় বেলডাঙা স্টেশনও। এর জেরে শিয়ালদা লালগোলা শাখায় ট্রেন চলাচল ব্যাহত হয়। দাঁড়িয়ে পড়ে হাজারদুয়ারি এক্সপ্রেস, লাললোগা প্যাসেঞ্জারের মত গুরুত্বপূর্ণ ট্রেন।

জানা গেছে, আলাউদ্দিন ঝাড়খণ্ডে ফেরিওয়ালার কাজ করতেন। গতকাল সকালে ভাড়া বাড়ি থেকে তার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। পরিবারের দাবি, তাকে পিটিয়ে খুন করা হয়েছে। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বেলডাঙা ১২ নম্বর জাতীয় সড়কে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। অবরোধের জেরে তৈরি হয় দীর্ঘ যানজট। আটকে

পড়ে শতাধিক বাস ও পণ্যবাহী ট্রাক। পরিস্থিতি সামাল দিতে এলাকায় মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন, রাজ্যকে অশান্ত করার জন্য ট্রেন এবং রাস্তা অবরোধ করে বিক্ষোভ চলছে।

বাইট সুকান্ত

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী এই ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বলেছেন, পরিযায়ী শ্রমিকদের রক্ষার দায়িত্ব রাজ্য সরকারের হলেও এব্যাপারে প্রশাসন উদাসীন।

বাইট অধীর

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

-------------------

কলকাতা হাইকোর্টের ৪৪ তম প্রধান বিচারপতি হিসাবে আজ শপথ নিয়েছেন বিচারপতি সুজয় পাল। রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস আজ সকালে তাঁকে শপথ বাক্য পাঠ করান। শপথ গ্রহণের পর প্রধান বিচারপতি, দেশের বিচার ব্যাবস্থায় বাঙালি বিচারপতি রাসবিহারী বসু, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস প্রমুখের কথা স্মরণ করেন।

বাইট সুজয় পাল

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম, বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব প্রমুখ। এছাড়া রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, রাজ্য পুলিশের ডিজি রাজীব কুমার ও কলকাতা পুলিশ কমিশনার মনোজ কুমার ভার্মাও শপথ গ্রহণ অনুষ্ঠানে যোগ দেন।

উল্লেখ্য, মধ্যপ্রদেশ হাইকোর্ট থেকে তেলেঙ্গানা হাইকোর্ট হয়ে বিচারপতি সুজয় পাল গত বছর ১৮ জুলাই কলকাতা হাইকোর্টে বিচারপতি হিসাবে যোগ দেন। গত সেপ্টম্বর মাস থেকে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি পদের দায়িত্বভার সামলাচ্ছিলেন তিনি।

-------------------

নিপা ভাইরাস সংক্রমণ প্রতিরোধ ও চিকিৎসার জন্য গাইডলাইন প্রকাশ করেছে স্বাস্থ্য দপ্তর। গাইডলাইনে জানানো হয়েছে, নিপায় আক্রান্ত অথবা উপসর্গ থাকা রোগীদের সংস্পর্শে আসা ব্যক্তিকে চিকিৎসকের নজরদারিতে ২১ দিনের বাধ্যতামূলক নিভৃতবাসে থাকতে হবে। উপসর্গ দেখা দিলে হাসপাতালে আইসোলেশন ওয়ার্ডে ভর্তি রাখার কথা বলা হয়েছে গাইডলাইনে। নিপা আক্রান্ত কিংবা নিপার উপসর্গ থাকা রোগীর সঙ্গে বদ্ধ জায়গায় থাকলেই সেই ব্যক্তিকে উচ্চ ঝুঁকিপূর্ণ বলে চিহ্নিত করা হবে। যাদের কোনও উপসর্গ নেই, তাদের ক্ষেত্রে সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে, একটি বিশেষ ধরনের অ্যান্টিভাইরাল ওষুধ খাওয়ারও নির্দেশ দিয়েছে স্বাস্থ্য দফতর।

এর পাশাপাশি যে রোগীর নিপা রিপোর্ট পজিটিভ এসেছে, ৫ দিন অন্তর তাঁর নমুনা পরীক্ষা করতে হবে। একদিনের মধ্যে দু'বার যদি নেগেটিভ রিপোর্ট আসে, তবেই

রোগীকে ছাড়া হবে হাসপাতাল থেকে। ছাড়া পাওয়ার পর ৯০ দিন পর্যন্ত রোগীকে পর্যবেক্ষণে রাখার কথাও জানিয়েছে স্বাস্থ্য দফতর।

-------------------

মুকুল রায়ের বিধায়ক পদ খারিজ সংক্রান্ত কলকাতা হাইকোর্টের রায়ে অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে সুপ্রিম কোর্ট। প্রধান বিচারপতি সূর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির ডিভিশন বেঞ্চ আজ জানিয়েছেন, কলকাতা হাইকোর্টের নির্দেশ আপাতত কার্যকর করা যাবেনা। পাশাপাশি সুপ্রিমকোর্ট পর্যবেক্ষণে জানিয়েছে, পশ্চিমবঙ্গে কয়েক মাসের মধ্যে নির্বাচন হবে। সেই সময় যদি মুকুল রায় বিধায়ক পদের জন্য ফের নির্বাচনে লড়াই করেন তখন আদালত নির্দেশ দেবে।

-------------------

কথাশিল্পী শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ৮৮ তম প্রয়াণ বার্ষিকীতে রাজ্যবাসী আজ তাঁকে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করছে। একাধারে ঔপন্যাসিক, সাহিত্যিক, গল্পকার, লেখক শরৎচন্দ্র চট্টোপাধ্যায় তাঁর রচনার মধ্য দিয়ে তৎকালীন সমাজ ও মানুষের কথা তুলে ধরেছিলেন। তার লেখা পল্লী সমাজ, দেবদাস, শ্রীকান্ত,পথের দাবী, চরিত্রহীন,পরিণীতা আজও পাঠক সমাজে সমান জনপ্রিয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন।

-------------------

রাজ্যের সর্বত্র শীতের আমেজ বজায় রয়েছে। দক্ষিণবঙ্গে আজ সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় শ্রীনিকেতনে সাত দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস,

স্বাভাবিকের থেকে প্রায় ৪ ডিগ্রি কম। উত্তরবঙ্গে সব থেকে কম সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় কোচবিহারে ৯ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ সকালে তাপমাত্রা ছিল ৩.২ ডিগ্রি সেলসিয়াস। সকালের দিকে জলপাইগুড়ি, দার্জিলিং এবং উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলায় হালকা থেকে মাঝারি কুয়াশা ছিল। আগামী রবিবার থেকে রাজ্যের সর্বত্রই তাপমাত্রা কিছুটা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

---------------------------------- ----------------------------------